

কিছু জানার মত তথ্য

শিশু নির্যাতন

- শিশু নির্যাতনের মধ্যে পড়ে -- অবহেলা, দৈহিক আঘাত, মানসিক অত্যাচার এবং যৌন নিপীড়ন।
- বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাব অনুসারে প্রতি বছর অনুমানিক হাজারের মধ্যে একজন থেকে ১০হাজারের মধ্যে একজন ৫-বছরের-কম বয়সী শিশু মারা যায় শারীরিক অত্যাচারে ।
- সরাসরি সাক্ষাৎকার থেকে জানা গেছে, ফিনল্যান্ড কোরিয়া ও আমেরিকায় ৫ থেকে ১০ শতাংশ শিশুর একেবারে ছোট্ট বয়সেই দৈহিক অত্যাচারের অভিজ্ঞতা হয়েছে ।
- পৃথিবীর সব দেশেই শিশুদের নিয়মিত নির্যাতন ও যৌন নিপীড়নের ঘটনা ঘটে শিশুর নিজের বাড়িতে । পরিবারের “নির্ভরযোগ্য” পুরুষের কাছেই অসহায় শিশু যৌন-নির্যাতিত হয় ।
- ফুটপাথবাসী শিশুদের ওপর অত্যাচার ও যৌন-নির্যাতন প্রায় নিত্য নৈমিত্তিক ঘটনা ।
- সমাজের প্রত্যেক অংশের প্রত্যক্ষ দায়িত্ব রয়েছে এই অমানবিক শিশু-নির্যাতন বন্ধ করার, দোষীকে সর্বসমক্ষে চিহ্নিত করার, এবং তার উপযুক্ত শাস্তিবিধান করার । সে দায়িত্ব আমরা ক’জন পালন করি ?

* সূত্র : WHO বুলেটিন, ২০০২

- দরিদ্র বা উন্নয়নশীল দেশগুলিতে প্রতি বছর মোট ১৩ লক্ষ পাঁচ-বছরের-কম বয়সী শিশু ডায়ারিয়া বা আল্ট্রিকে মারা যায় । এই সংখ্যা মোট বার্ষিক শিশুমৃত্যুর শতকরা ১২ ভাগ । অপরিষ্কার জল, শৌচাগারের অভাব, নিম্নমানের স্বাস্থ্যবিধি এই করুণ মৃত্যুর কারণ ।
- বর্তমান বিশ্বে প্রতি বছর মোট ২২ লক্ষ পাঁচ-বছরের-কম বয়সী শিশু মারা যায় শ্বাসযন্ত্রের অসুখে ; তার মধ্যে শতকরা ৬০ ভাগের মৃত্যুর কারণ -- দূষিত বাতাস । গ্রামাঞ্চলে বদ্ধ ঘরের ভেতর তেলের কুপি, ঝুঁটে, কাঠ, ইত্যাদি জ্বালানোর ফলশ্রুতি ব্যাপক শিশুমৃত্যু ।
- বিশ্বের ১১০ কোটি মানুষ পরিচ্ছন্ন ব্যবহারযোগ্য জল পায় না ; এই মানুষদের মধ্যে শতকরা ৮০ ভাগ থাকে গ্রামাঞ্চলে ।

* WHO এবং UNICEF-এর সমীক্ষা সূত্র ২০০০

কিছু জানার মত তথ্য

- বিশ্বে প্রতিদিন ১৬০০ জন অন্তঃসত্ত্বা মায়ের মৃত্যু হচ্ছে
- পশ্চিমবঙ্গে প্রতিদিন ২০ জন অন্তঃসত্ত্বা মায়ের মৃত্যু হচ্ছে
- ভারতে প্রতি ৫ মিনিটে একজন অন্তঃসত্ত্বা মায়ের মৃত্যু হচ্ছে
৮০% ডাক্তার রয়েছে ভারতের শহরাঞ্চলে
২০% ডাক্তার রয়েছে ভারতের গ্রামাঞ্চলে
- পাঞ্জাবে গ্রামে জনপ্রতি চিকিৎসায় যা খরচ হয় (৪৩ টাকা)
শহরে জনপ্রতি চিকিৎসায় খরচ তার ৩.২ গুণ
- কেরালায় গ্রামে জনপ্রতি চিকিৎসায় যা খরচ হয় (২০ টাকা)
শহরে জনপ্রতি চিকিৎসায় খরচ হয় তার ৮.৯ গুণ
- পশ্চিমবঙ্গে গ্রামে জনপ্রতি চিকিৎসায় যা খরচ হয় (১৩ টাকা)
শহরে জনপ্রতি চিকিৎসায় খরচ হয় তার ১০.৭ গুণ

* ভারত সরকারের সমীক্ষা সূত্র ২০০২